# U.G. 1st Semester Examination - 2020

# BENGALI

## Course Code :BBNGCCHT102

## Course Title : আধুনিক বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) রাণী পদ্মিনীর বাবার নাম লেখো।

খ) ‘‘পদ্মিনীর পদ্মনেত্র, বিনোদ বিহার-ক্ষেত্র,

ব্রীড়া তাহে সদা ক্রীড়া করে’’

—‘ব্রীড়া’ শব্দের অর্থ লেখো।

গ) পদ্মিনীর প্রিয় সহচরীর নাম লেখো।

ঘ) ‘‘হইল মাহেন্দ্র ক্ষণ, অস্থির শাহার মন,’’

—‘শাহার মন’ অস্থির কেন?

ঙ) ‘‘ধীরা ধর্ম্মবতী যেই তাহার লক্ষণ এই,

ধৈর্য্য ধরে বিপদসময়।’’

— এখানে কার কথা বলা হয়েছে?

[পরের পাতায়]

চ) ‘নীলদর্পণ’ নাটক শুরুর স্থানটি উল্লেখ করো।

ছ) ‘শ্যামচাঁদের ঠেলা’— কী?

জ) ‘নীলদর্পণ’ নাটকের শেষ সংলাপটি কার?

ঝ) ‘নীলদর্পণ’ নাটকে ‘প্রেম সিন্ধু নীরে বহে নানা তরঙ্গ’— গানটি কার কণ্ঠে শোনা যায়?

ঞ) ‘‘সমিন্দি দাঁড়ায়ে যেন কাটের পুতুল’’— কার উক্তি?

ট) রতন পোস্টমাস্টারকে কী বলে সম্বোধন করত?

ঠ) দুখিরাম রুই ও ছিদাম রুই ঘটনার দিন কী কাজ করতে গিয়েছিল?

ড) কিসের আশঙ্কায় একজন করে মাস্টার স্কুলঘরে বাস করত?

ঢ) শশিভূষণকে কত বছর জেল খাটতে হয়েছিল?

ণ) দক্ষিণাচরণবাবু বায়ুপরিবর্তনের জন্য স্ত্রীকে নিয়ে কোথায় গিয়েছিলেন?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

ক) ‘‘আনন্দ জলধি পর,/ভাসিলেক দিল্লীশ্বর,/ ব্যস্ত হয়ে প্রবেশে নগর।।’’— দিল্লীশ্বরের আনন্দ ও ব্যস্ততার কারণ লেখো।

খ) ‘‘বাদল তাহার নাম, বীরত্ব ধীরত্ব ধাম,’’— বাদলের পরিচয় দাও।

গ) ‘‘আমার মানস একবার মোকদ্দমা করা।’’— বক্তা কেন মোকদ্দমা করতে চাইছে?

ঘ) "ছি বাবা কেশব, পিসি হই এমন কথা বলে না।"— এখানে কোন্ কথার উল্লেখ করা হয়েছে?

ঙ) 'নীলদর্পণ' নাটকে শেষ পর্যন্ত কোন্ কোন্ চরিত্রের মৃত্যু ঘটেছে?

চ) "হায় বুদ্ধিহীন মানব হৃদয়!"— কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে?

ছ) "এসো এসো ফিরে এসো - নাথ হে, ফিরে এসো!" — কারা কোন্ কোন্ বাদ্যযন্ত্র সহযোগে এই গান গাইছিলো?

জ) "সে হাসিত না, গম্ভীর হইয়া থাকিত।"— গম্ভীর হয়ে থাকার কারণ লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

ক) 'পদ্মিনী উপাখ্যানে' পদ্মিনীর সতীত্বের মহত্বের পরিচয় দাও।

খ) 'শাস্তি' গল্প অবলম্বনে চন্দরা চরিত্রটির গুরুত্ব বিচার করো।

গ) 'নীলদর্পণ' গণচেতনা সমৃদ্ধ নাটক— আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০=১০

ক) 'পদ্মিনী উপাখ্যানে' ইতিহাস চেতনা একটি গুরুত্বপূর্ণ বিষয় —আলোচনা করো।

খ) 'নীলদর্পণ' নাটকে তোরাপ চরিত্রের সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্বের পরিচয় দাও।

গ) রবীন্দ্রনাথের 'পোস্টমাস্টার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

____________